



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

ফোন : ৪১০৫০৫৭৮

তারিখ : ০২.০১.২০২০

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.২২.০২২.১৭-৮৯(২৮৩)

সকল শাখা ব্যবস্থাপক

সকল আঞ্চলিক ব্যবস্থাপক

উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়

কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : দ্রুত এবং সঠিকভাবে রেমিট্যান্স পরিশোধকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিদেশে কর্মরত নাগরিকদের ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রেরিত কষ্টার্জিত অর্থ স্বদেশে অবস্থানরত তাঁদের আত্মীয়-স্বজনদের নিকট নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে পৌঁছে দেয়ার মহৎ উদ্দেশ্য নিয়ে ০৭.০৩.২০১৭ তারিখ হতে কর্মসংস্থান ব্যাংকে রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এর ফলে দেশে-বিদেশে ব্যাংকের প্রচার ও সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। মহতি এ সেবামূলক কাজে অংশগ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে নূতন বছরের শুভেচ্ছা জানাচ্ছি। বিগত বছরের প্রথমার্ধের তুলনায় শেষার্ধে রেমিট্যান্স পরিশোধের প্রবাহ বৃদ্ধি পেয়েছে। নূতন বছরে রেমিট্যান্স পরিশোধের প্রবাহ আরও বৃদ্ধি পাবে এ প্রত্যাশা করছি।

০৩। রেমিট্যান্স পরিশোধ বৃদ্ধির অন্যতম উপায় হচ্ছে, দ্রুত এবং সঠিকভাবে রেমিট্যান্স পরিশোধ করে সুনাম অর্জন করা। দ্রুত এবং সঠিকভাবে রেমিট্যান্স পরিশোধ করার জন্য অত্র বিভাগ থেকে প্রয়োজনীয় দিক-নির্দেশনামূলক পত্রাদি জারী করা হয়েছে। তথাপি কিছু ভুল-ত্রুটি যেমন-ক) প্রাপ্ত মেইল ওপেন না করে বা খ) প্রাপ্ত মেইলের বিষয় অনুধাবন না করে বা গ) শাখার করপোরেট ফোন বন্ধ রেখে বা ঘ) রেমিট্যান্স সেলের Call Receive না করে Pull out/Pay না হওয়া রেমিট্যান্স পরিশোধ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী আর্থিক জরিমানার সম্মুখীন হতে পারে, অন্যদিকে ঙ) শাখা হতে Pulled out/Paid হওয়া রেমিট্যান্সের পেমেন্টে স্লীপ রেমিট্যান্স সেলে না পাঠালে বা চ) রেমিট্যান্স সেল/এনসিসি ব্যাংক হতে Pulled out/Paid হওয়া রেমিট্যান্স পরিশোধ না করলে প্রাপক (Beneficiary) এর অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শাখা ও শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর জন্য বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি হতে পারে; প্রকারান্তরে যা ব্যাংকের সুনামের প্রতিও বিরূপ প্রভাব ফেলতে পারে। শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর যাতে আর্থিক জরিমানা না হয় এবং শাখা ও শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর জন্য যাতে বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি না হয় তার জন্য Pull out/Pay না হওয়া রেমিট্যান্স পরিশোধ করা অথবা Pulled out/Paid হওয়া রেমিট্যান্স পরিশোধ না করা রোধকল্পে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো :

ক) শাখার করপোরেট মোবাইল ফোন সব সময় খোলা (On) রাখতে হবে এবং Call Receive করতে হবে। রেমিট্যান্স সেল থেকে সময়মত ফোন না পেলে শাখার নিজস্ব উদ্যোগে রেমিট্যান্সটি Pulled out/Paid হলো কিনা তা জেনে নিতে হবে।

খ) আঞ্চলিক কার্যালয়ের করপোরেট মোবাইল ফোন সব সময় খোলা (On) রেখে রেমিট্যান্স সংক্রান্ত বিষয়ে রেমিট্যান্স সেলকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। এছাড়া অঞ্চলাধীন শাখাসমূহের করপোরেট মোবাইল ফোন যাতে সব সময় খোলা (On) থাকে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। বিভাগের আওতাধীন শাখা এবং আঞ্চলিক কার্যালয় এর করপোরেট মোবাইল ফোন যাতে সব সময় খোলা (On) থাকে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়কে অনুরোধ করা হলো।

০৫। এ বিষয়ে আরও স্পষ্টীকরণের প্রয়োজন হলে রেমিট্যান্স সেলের সহকারী মহাব্যবস্থাপক জনাব প্রদীপ কুমার মজুমদার (ফোন : ০২-৪১০৫০৫৭৮, মোবাইল : ০১৭০৮-৩৯৭৩৪১, ০১৭১২-০৬৬৮৯৯) অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সিনিয়র অফিসার জনাব মোঃ রাশেদুল ইসলাম (মোবাইল : ০১৭০৮-৩৯৭১০০, ০১৭১৫-৩২৪২১৬) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ আলা উদ্দিন)

উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ঐ

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.২২.০২২.১৭-৮৯(২৮৩)(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) :

০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।

০৪। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ উপ-বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। অফিস নথি।

০২/০১/২০২০

(প্রদীপ কুমার মজুমদার)

সহকারী মহাব্যবস্থাপক